QUESTION PAPER MUST BE RETURNED ALONG WITH ANSWER BOOKLET AFTER EXAMINATION

শ্লাতক প্রবেশিকা পরীক্ষা : ২০১৮ বাংলা বিভাগ যাদবপুর বিশ্ববিদ্যালয়

পূর্ণমান : ১০০

সময় : ২ ঘণ্টা

যে-কোনো একটি বিষয়ে প্রবন্ধ লেখা :

00

- ক. মধ্যযুগের বাংলা সাহিত্যে দেবতা ও মানুষ
- খ, সাহিত্য-চর্চায় পত্র-পত্রিকা পাঠের গুরুত্ব
- গ্. বিজ্ঞান-প্রযুক্তির দাপটে সংকৃচিত মানবতা ও বাংলা ছোটোগল্প
- ঘ, মন্বন্তর ও বাংলা সাহিত্য
- দেশবিভাগ ও বাংলা উপন্যাস
- যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:

8x\$0=80

- ক, মঙ্গলকাব্যের ত্রিধারার মধ্যে সামাজিক পরিবর্তনের ইতিহাস কীভাবে লগ্ন হয়ে আছে ?
- খ, বৈষ্ণৱ পদ-সাহিত্যের কোন পর্যায়টি তোমার মতে শ্রেষ্ঠ তা কারণসহ লেখো।
- গ. উনিশ শতকের বিতীয় পর্বে সমাজসংকার আন্দোলনের ভাবনাবাহী নাট্যসমূহের নান্দনিকতা কতদূর রক্ষা পেয়েছে ?
- ঘ, রবীন্দ্র-প্রভাবমুক্তির প্রয়াসে কল্লোল কালের কবিতায় কী ধরনের বিকৃতি লক্ষ করা গিয়েছিল ?
- ঙ. বৈষম্যবাদী সমাজে নারীর আকাজ্জা কীভাবে স্বাধীনতা-পরবর্তী বাংলা কবিতায় ঠাঁই পেয়েছে তা উদাহরণসহ লেখো।
- চ, ব্লাজনৈতিক আন্দোলন হলেও নকশালবাড়ি আন্দোলনকে বাংলা সাহিত্যে একটি জলবিভাজনৱেখা হিসাবে ধরা হয় কেন ?
- ছ, পণ্যসভ্যতা ও আকাশসংস্কৃতির আগ্রাসনকে রুখতে সাম্প্রতিক বাংলা ছোটোগল্পের যে আয়োজন, তার পরিচয় দাও।
- জ. কবিতা থেকে গানের রূপান্তর কী আধুনিক বাংলা কবিতাকে কোথাও এগিয়ে দিয়েছে ?
- ৩. ভাবার্থ লেখো:

æ

আমাদের মন যে জ্ঞানরাজ্যে বিচরণ করে সেটা দুইমুখো পদার্থ–তার একটা দিক হচ্ছে তথ্য,আর একটা দিক হচ্ছে সত্য। যেমনটি আছে তেমনটির ভাব হচ্ছে তথ্য, সেই তথ্য যাকে অবলম্বন করে থাকে সেই হচ্ছে সত্য।

আমার ব্যক্তিরূপটি হচ্ছে আমাতে বদ্ধ আমি। এই-যে তথ্যটি, এ অধ্বকারবাসী, এ আপনাকে আপনি প্রকাশ করতে পারে না। যখনই এর পরিচয় কেউ জিজ্ঞাসা করবে তখনই একটি বড়ো সত্যের দ্বারা এর পরিচয় দিতে হবে, যে সত্যকে সে আশ্রয় করে আছে। বলতে হবে, আমি বাঙালি। কিন্তু বাঙালি কী। ও তো একটা অবচ্ছিন্ন পদার্থ, ধরা যায় না, ছোঁওয়া যায় না। তা হোক, ঐ ব্যাপক সত্যের দ্বারাই তথ্যের পরিচয়। তথ্য খন্ডিত, স্বতন্ত্র সত্যের মধ্যে সে আপন বৃহৎ ঐক্যকে প্রকাশ করে। আমি ব্যক্তিগত আমি এই তথ্যটুকুর মধ্যে, আমি মানুষ এই সত্যটিকে যখন আমি প্রকাশ করি তখনই বিরাট একের আলোয় আমি নিত্যতায় উদ্ভাসিত হই।

অথবা

ভাবসম্প্রসারণ করো :

0

বিধি হে, যত তাপ মোর দিকে হানিবে, অবিচল রব তাহে। রসের নিবেদন অরসিকে ললাটে লিখো না হে, লিখো না হে।।

৫. ছন্দ-লিপি প্রস্তুত করো:

C

সত্য মূল্য না দিয়েই সাহিত্যের খ্যাতি করা চুরি ভালো নয়, ভালো নয় নকল সে শৌখিন মজদুরি।